# নিশ্চিত করা যে শিশু ও তরুণতরুণীদের অন্তর্ভুক্ত করে আয়োজিত অনুষ্ঠানটি তাদের জন্য নিরাপদ: একটি সারসংক্ষেপ

এই নথিতে প্ল্যান ইন্টারন্যাশনালের **মেকিং শিওর ইভেন্টস ইনভলভিং চিলড্রেন অ্যান্ড ইয়াং পিপল আর সেফ** নামক নথির সংক্ষিপ্তসার প্রদান করা হয়েছে: **পরিকল্পনার জন্য নির্দেশিকা**। এই নথিটি প্ল্যান এর কর্মীদের তরুণতরুণী ও শিশুদের জন্য নিরাপদ স্থানীয়, জাতীয়, দ্বি-পাক্ষিক, আঞ্চলিক এবং আন্তর্জাতিক অনুষ্ঠান পরিকল্পনা এবং পরিচালনা করতে সহায়তা করার জন্য তৈরি করা হয়েছে এবং এটিতে সেফগার্ডিং নীতিমালার সামগ্রিক কাঠামো অনুসরণ করা হয়েছে। এই নথির বিষয়বস্তু নাগরিক সমাজ প্রতিষ্ঠানগুলোর জন্য প্রাসঙ্গিক।

এই নির্দেশিকাটিতে শিশু বলতে ১৮ বছরের কম বয়সীদের এবং তরুণতরুণী বলতে ১৫ থেকে ২৪ বছর বয়সীদের বোঝানো হয়েছে। যদিও তরুণতরুণীদের প্রাপ্তবয়স্ক হিসেবে বিবেচনা করা যেতে পারে এবং তাদের যতটা সম্ভব নিজেদের দায়িত্ব নিতে সহায়তা করা উচিত, তবুও প্রতিষ্ঠানেরও তাদের নিরাপত্তা ও কল্যাণ নিশ্চিত করার দায়িত্ব রয়েছে।

### যে মূলনীতিসমূহ অনুসরণ করতে হবে

- একটি নৈতিক পন্থা অনুসরণ করুন যাতে শিশু এবং তরুণতরুণীদের সর্বোত্তম স্বার্থকে সবার আগে রাখা হয়।
- সমস্ত শিশু এবং তরুণতরুণীদের অনুষ্ঠান এবং কার্যকলাপে অংশ নেওয়ার সমান সুযোগ থাকা উচিত।
- সর্বদা এমন নিরাপদ, বন্ধুত্বপূর্ণ এবং অন্তর্ভুক্তিমূলক পরিবেশ তৈরির লক্ষ্যে কাজ করুন যেখানে শিশু এবং তরুণতরুণীরা অর্থপূর্ণভাবে অংশগ্রহণ করতে পারে।
- প্রাপ্তবয়স্ক এবং শিশুদের অবশ্যই ন্যূনতম মানদণ্ড এবং পদ্ধতি অনুসরণ করতে হবে যাতে শিশু এবং তরুণতরুণীদের জন্য একটা নিরাপদ পরিবেশ তৈরি করা যায়।

| অনুষ্ঠানের জন্য ন্যূনতম প্রয়োজনীয়তা | |
|---|---|
| **পর্যাপ্ত পরিকল্পনা এবং ঝুঁকি মূল্যায়ন** | শিশু এবং তরুণতরুণীরা যে অনুষ্ঠানগুলোতে অংশগ্রহণ করবে সেগুলো জন্য বিশদ পরিকল্পনা, পুঙ্খানুপুঙ্খভাবে ঝুঁকির মূল্যায়ন করতে হবে এবং ঝুঁকি নিয়ন্ত্রণের জন্য একটা পরিকল্পনা থাকতে হবে। যেখানে সম্ভব সেখানে এটা নিয়ে শিশু এবং তরুণতরুণীদের সাথে পরামর্শ করে করা উচিত। |
| **ঝুঁকি নিয়ন্ত্রণের সম্পূর্ণ পরিকল্পনা** | ঝুঁকি নিয়ন্ত্রণের পরিকল্পনাতে অবশ্যই ঝুঁকি মূল্যায়নে উল্লিখিত সব সমস্যার সমাধান করতে হবে এবং সেফগার্ডিং ও তরুণতরুণীদের অংশগ্রহণ (ইয়ুথ এনগেজমেন্ট) বিষয়ক ফোকাল পয়েন্ট এবং অনুষ্ঠান পরিচালনাকারী অন্যান্য প্রধান কর্মীদের যোগাযোগের বিবরণ অন্তর্ভুক্ত করতে হবে। |
| **কর্মীদের জন্য প্রাক-অনুষ্ঠান প্রশিক্ষণ** | শিশু এবং তরুণতরুণীদের নিরাপদ রাখার জন্য সমস্ত প্রাসঙ্গিক কর্মীদের সেফগার্ডিং এর উপর পর্যাপ্ত এবং প্রাসঙ্গিক প্রশিক্ষণ দিতে হবে। |
| **অবগত সম্মতি** | অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য পিতামাতা/অভিভাবকদের কাছ থেকে এবং শিশু ও তরুণতরুণীদের কাছ থেকে তাদের বয়স এবং পরিপক্কতার স্তর অনুসারে লিখিত অবগত সম্মতি নিতে হবে। |
| **শিশু এবং তরুণতরুণীদের সেফগার্ডিং সম্পর্কে সচেতনতা বৃদ্ধি** | অনুষ্ঠানে অংশগ্রহণকারী শিশু এবং তরুণতরুণীদের সেফগার্ডিং এর মানদণ্ড এবং পদ্ধতি সম্পর্কে পর্যাপ্তভাবে জানানো প্রয়োজন। এর মধ্যে তাদের নির্যাতন থেকে নিরাপদ থাকার অধিকার, নিরাপদ বোধ করা, অন্যদের কাছ থেকে কেমন আচরণ প্রত্যাশা করতে পারে এবং কোনও উদ্বেগ থাকলে সেটা কীভাবে রিপোর্ট করতে হবে তা অবশ্যই অন্তর্ভুক্ত করতে হবে। |

## অনুষ্ঠানে শিশু এবং তরুণতরুণীদের সম্পৃক্ত করার পরিকল্পনা

### ঝুঁকি মূল্যায়ন এবং প্রশমন

- শিশু এবং তরুণতরুণীদের নিয়ে আয়োজিত সব অনুষ্ঠানের জন্য একটি লিখিত ঝুঁকি মূল্যায়ন করা আবশ্যক। ঝুঁকি নিয়ন্ত্রণের জন্য একটা পরিকল্পনা তৈরি করা উচিত এবং পুরো কার্যকলাপ জুড়ে সেটা ধারাবাহিকভাবে ব্যবহার করা উচিত। যদি ঝুঁকিগুলো পর্যাপ্তভাবে নিয়ন্ত্রণ করা না যায় তবে অনুষ্ঠানটি করা উচিত নয়।
- শিশু এবং তরুণতরুণীরা যে সেফগার্ডিং সম্পর্কিত ঝুঁকিগুলোর সম্মুখীন হতে পারে তার মূল্যায়নের কাজে তাদের সম্পৃক্ত করা উচিত।

### সেফগার্ডিং বিষয়ক মানদণ্ডসমূহ

- অনুষ্ঠানের সাথে জড়িত প্রত্যেককে অবশ্যই শিশু এবং তরুণতরুণীদের জন্য সেফগার্ডিং বিষয়ক মানদণ্ডসমূহ এবং শিশু ও তরুণতরুণীদের সাথে কাজ করার আচরণবিধি সম্পর্কে জানাতে হবে।
- যে কর্মীরা অনুষ্ঠানে শিশু এবং তরুণতরুণীদের সাথে থাকেন, তত্ত্বাবধান করেন বা তাদের সাথে কাজ করেন তাদের উপরে শিশু এবং তরুণতরুণীদের নিরাপত্তা এবং সুস্থতা রক্ষার দায়িত্ব থাকে। অনুষ্ঠানের আগে তাদের অবশ্যই সেই অনুষ্ঠান বা আয়োজিত কার্যকলাপের সাথে যুক্ত প্রাসঙ্গিক ঝুঁকি এবং সুরক্ষা সম্পর্কিত উদ্বেগের বিষয়ে প্রশিক্ষণ দিতে হবে এবং সেগুলো প্রতিরোধ বা মোকাবেলা করার জন্য কী পদক্ষেপ নেওয়া উচিত তা জানাতে হবে।
- অনুষ্ঠানের স্থান এবং হোটেলের সাথে যে চুক্তি করা হবে তাতে অবশ্যই প্রতিষ্ঠানের সেফগার্ডিং এর নীতি প্রতিফলিত হতে হবে। অনুষ্ঠানস্থল পরিচালনাকারী প্রতিষ্ঠানকে অবশ্যই

  শিশুদের সাথে যোগাযোগের সময় তাদের কর্মীদের থেকে প্রত্যাশিত আচরণের মানদণ্ড সম্পর্কে জানাতে হবে। অনুষ্ঠান স্থলে শিশু এবং তরুণতরুণীদের জন্য একটা নিরাপদ পরিবেশ রয়েছে কিনা তা অবশ্যই পরীক্ষা ও মূল্যায়ন করতে হবে (যেমন আগুন লাগার ঝুঁকি, স্বাস্থ্য ও নিরাপত্তা, প্রাথমিক চিকিৎসা ইত্যাদি)।

> **কখন শিশু এবং তরুণতরুণীদের অনুষ্ঠানে অন্তর্ভুক্ত করা উচিৎ নয়?**
>
> → যদি অনুষ্ঠানে শিশু এবং তরুণতরুণীদের অর্থপূর্ণভাবে অংশগ্রহণ করার জন্য কোনও পরিকল্পনা না থাকে।
>
> → যদি আপনাদের ঝুঁকি মূল্যায়ন এবং প্রতিষ্ঠানের মানদণ্ড ও পদ্ধতি অনুযায়ী দেখা যায় যে অনুষ্ঠানটি নিরাপদ নয় এবং আপনাদের পক্ষে ঝুঁকিগুলো প্রশমিত করা সম্ভব না হয়।

### ভূমিকা এবং দায়িত্বসমূহ

- অনুষ্ঠানের পরিকল্পনা করার জন্য একটি প্রজেক্ট টিম তৈরি করা উচিত। এর মধ্যে একজন সেফগার্ডিং ফোকাল পয়েন্টকে অন্তর্ভুক্ত করতে হবে। অনুষ্ঠানটি কতটা জটিল তার উপর নির্ভর করে উর্ধ্বতন কর্মীদেরও সম্পৃক্ত করা যেতে পারে।

### শিশু এবং তরুণতরুণীদের নির্বাচন এবং প্রস্তুতি

- প্রক্রিয়াটি বৈষম্যহীন এবং যতটা সম্ভব অন্তর্ভুক্তিমূলক হওয়া উচিত।

**শিশু এবং তরুণতরুণীদের নিয়ে অনুষ্ঠান করার সময় যে ঝুঁকিগুলো বিবেচনা করতে হবে তার কিছু উদাহরণ**

- প্রাপ্তবয়স্ক বা অন্যান্য শিশু কর্তৃক শিশু/তরুণতরুণীদের নির্যাতিত (শারীরিক/যৌন/আবেগগত) হওয়া।
- আঘাত/অসুস্থতা/অ্যালার্জি এবং অন্যান্য স্বাস্থ্য ও নিরাপত্তা সংক্রান্ত সমস্যা।
- অনুষ্ঠানে যোগদান করার সময় শিশু/তরুণতরুণীদের হারিয়ে যাওয়া বা পালিয়ে যাওয়া।
- অনুষ্ঠানে যোগদানকারী শিশু/তরুণতরুণীদের মাদক/অ্যালকোহল ব্যবহার করা বা অসামাজিক আচরণ করা।
- আবাসিক অনুষ্ঠানের সময় থাকার ব্যবস্থা উপযুক্ত না হওয়া।
- অনলাইন কার্যকলাপ বা মিডিয়ায় প্রদর্শন সংক্রান্ত ঝুঁকি।

### বিশেষ চাহিদাসম্পন্ন শিশু এবং তরুণতরুণীদের জন্য বিবেচ্য বিষয়সমূহ

→ ভিন্ন সক্ষমতা সম্পন্ন শিশু এবং তরুণতরুণীদের অনুষ্ঠানে অংশগ্রহণ করতে উৎসাহিত করা উচিত। যেখানে সম্ভব সেখানে তাদের জন্য উপযোগী ব্যবস্থা করা উচিত।

→ তারা নির্দিষ্ট কিছু ঝুঁকির সম্মুখীন হতে পারে যা বিবেচনায় নেওয়া প্রয়োজন, যেমন বুলিং-এর বাড়তি ঝুঁকি বা ব্যক্তিগত পরিচর্যায় সহায়তার চাহিদা।

→ বিশেষ চাহিদা সম্পন্ন শিশুরা যাতে নিরাপদে অংশগ্রহণ করতে পারে তা নিশ্চিত করার জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণ করা উচিত।

- এমন শিশু এবং তরুণতরুণীদের নির্বাচন করা বাঞ্ছনীয় যারা ইতোমধ্যে কোনও প্রতিষ্ঠানের এমন কোনও কার্যক্রমে অংশগ্রহণ করছে যা তাদের পরিস্থিতি উন্নত করতে সাহায্য করছে। এটা করলে শিশু বা তরুণতরুণীরা তাদের নিজস্ব অভিজ্ঞতা থেকে কথা বলতে পারবে এবং সেই সাথে তাদের পরিস্থিতি মোকাবেলা করার জন্য যে সুযোগগুলো রয়েছে সেগুলো নিয়েও আলোচনা করতে পারবে।

## সম্মতি

- পিতামাতা/অভিভাবকদের কাছ থেকে এবং শিশু ও তরুণতরুণীদের কাছ থেকে তাদের বয়স, পরিপক্কতা এবং ক্রম-বিকশিত সক্ষমতার ভিত্তিতে লিখিত এবং অবগত সম্মতি নেওয়া উচিত।

## পরিকল্পনায় তরুণতরুণীদের সম্পৃক্ত করা

- পরিকল্পনায় শিশু ও তরুণতরুণীদের যতটা সম্ভব সম্পৃক্ত করতে হবে। এটা অর্জন করার একটি উপায় হল শিশু এবং তরুণতরুণীদের জন্য একটি স্টিয়ারিং কমিটি গঠন করা যাতে তারা একে অপরের সাথে কাজ করতে এবং আসন্ন অনুষ্ঠান নিয়ে আলোচনা করতে পারে।
- অনুষ্ঠানের আগে অনুষ্ঠানের প্রকৃতি এবং অংশগ্রহণ নিয়ে তাদের প্রত্যাশা সম্পর্কে অংশগ্রহণকারী শিশু এবং তরুণতরুণীদের সাথে কথা বলা গুরুত্বপূর্ণ। এর মধ্যে তাদের নিজেদের এবং অন্যদের নির্যাতন থেকে নিরাপদ রাখা এবং তাদের অংশগ্রহণের লক্ষ্য কী তা অন্তর্ভুক্ত করা উচিত।

## ক্ষতিকর তথ্য থেকে সুরক্ষা

- শিশু এবং তরুণতরুণীদের এমন তথ্য থেকে সুরক্ষিত থাকার অধিকার রয়েছে যেটি মোকাবেলা করার মতো বুদ্ধি এবং পরিপক্কতা তাদের নেই। তাই শিশু এবং তরুণতরুণীদের নিয়ে আয়োজিত অনুষ্ঠানে নির্যাতন বা শোষণের ব্যক্তিগত কাহিনী, অনুচিত বা আপত্তিকর ভাষা এবং ধর্ষণ বা অন্যান্য যৌন বা হিংসাত্মক কাজকে চিত্রিত করে এমন কোনও অভিনয় বা নাটক করা উচিত নয়।
- আয়োজকদের অবশ্যই অনুপযুক্ত আলোচনা বা উপস্থাপনা বন্ধ করার জন্য প্রস্তুত থাকতে হবে এবং অংশগ্রহণকারীদের মনে করিয়ে দিতে হবে যে সেগুলো শিশু এবং তরুণতরুণীদের জন্য উপযুক্ত নয়।

## মিডিয়া ও যোগাযোগ

- অনুষ্ঠানের আগে মিডিয়া সম্পর্কিত একটি কৌশল তৈরি করা উচিত। মিডিয়ার দিক থেকে কী ধরনের কার্যকলাপ প্রত্যাশা করা হচ্ছে তা চিহ্নিত করা উচিত এবং অনুষ্ঠান চলাকালীন কর্মীরা কীভাবে মিডিয়ার আগ্রহ নিয়ন্ত্রণ করবে তা নির্ধারণ করা উচিত। এতে শিশু এবং তরুণতরুণীদেরকে কীভাবে খুব বেশি সংখ্যক অনুরোধ, অনুপযুক্ত প্রশ্ন থেকে সেফগার্ড করতে হবে এবং কীভাবে বহিরাগত মিডিয়াকে শিশু ও তরুণতরুণীদের নাম ও ছবি প্রকাশ করা থেকে বিরত রাখতে হবে সেই তথ্যও অন্তর্ভুক্ত করা উচিত।
- অনুষ্ঠানের আগে শিশু এবং তরুণতরুণীদের মিডিয়া এবং সাক্ষাৎকারের প্রশিক্ষণ প্রদান করা উচিত যাতে তারা প্রশ্নের উত্তর দেওয়ার জন্য ভালোভাবে প্রস্তুত থাকে।
- যদি শিশু ও তরুণতরুণীদের সাক্ষাৎকারের অনুরোধ করার সম্ভাবনা থাকে, তাহলে তাদের জন্য পর্যাপ্ত সহায়তার ব্যবস্থা নিশ্চিত করুন। যদি সম্ভব হয়, মিডিয়া কর্মীদের কাছ থেকে আগে থেকেই প্রশ্নগুলো চেয়ে নিন এবং শিশু ও তরুণতরুণীদের সাথে সেগুলো নিয়ে আলোচনা করুন। এটা তাদের প্রস্তুত থাকতে সাহায্য করবে।

## সব অনুষ্ঠানের জন্য বিবেচ্য বিষয়

- অনুষ্ঠান চলাকালীন সমস্ত প্রাপ্তবয়স্ক ব্যক্তি এবং শিশুরা যাতে সবসময় সেফগার্ডিং পদ্ধতি অনুসরণ করে তা গুরুত্বপূর্ণ।

সেটা পর্যালোচনা করা উচিত এবং যেকোনো পরিবর্তন স্পষ্টভাবে উল্লেখ করা উচিৎ।

- শিশু তরুণতরুণীরা যাতে অবসর পায়, তাদের

## শিশুদের সাথে থাকার জন্য সহচর/প্রাপ্তবয়স্ক ব্যক্তি

→ বড় অনুষ্ঠান, প্রকল্পের স্থান থেকে দূরে কোনও অনুষ্ঠান এবং আবাসিক অনুষ্ঠানে শিশু এবং তরুণতরুণীদের সহায়তা করার জন্য তাদের সাথে সহচর থাকা উচিত। তাদের শিশু বা তরুণতরুণীদের সম্পূর্ণভাবে সহায়তা করার জন্য প্রয়োজনীয় দক্ষতা, জ্ঞান, অভিজ্ঞতা, পরিপক্কতা এবং মনোভাব আছে কিনা তার ভিত্তিতে নির্বাচন করা উচিত। যতদূর সম্ভব কর্মীদের মধ্যে থেকে সহচর নির্বাচন করা ভালো। শিশু বা তরুণতরুণীরা কাকে সহচর হিসেবে চাইছে সেই মতামতকে সর্বদা সবচেয়ে বেশি গুরুত্ব দেওয়া উচিত।

→ সহচরদের অবশ্যই পর্যাপ্তভাবে যাচাই করতে হবে, সেফগার্ডিং সম্পর্কে প্রশিক্ষণ দিতে হবে এবং আচরণবিধিতে স্বাক্ষর করাতে হবে। সেই সাথে তাদের অবশ্যই অনুষ্ঠান এবং অন্য যেসব কার্যকলাপে শিশু ও তরুণতরুণীরা অংশগ্রহণ করবে সেই সম্পর্কে সম্পূর্ণভাবে জানাতে হবে।

→ অংশগ্রহণকারী শিশু ও তরুণতরুণীদের বয়স, জেন্ডার এবং অন্যান্য যেকোনো চাহিদার ভিত্তিতে, একটা অনুষ্ঠানে কতজন সহচরের প্রয়োজন হবে এবং তাদের মধ্যে জেন্ডার ভারসাম্য কীরকম হবে সেটা প্রতিষ্ঠানকে নির্ধারণ করতে হবে।

→ প্রতিষ্ঠানকে অতিরিক্ত কয়েকজন সহচর থাকা নিশ্চিত করতে হবে কারণ জরুরি পরিস্থিতিতে তাদের প্রয়োজন হতে পারে।

→ শিশু ও তরুণতরুণীদের জন্য অনুবাদ করা ছাড়া সহচরদের অনুষ্ঠানের অন্য কোনও দায়িত্ব দেওয়া উচিৎ নয়। এমনকি অনুবাদের প্রয়োজন হলেও সেটাকে গৌণ দায়িত্ব হিসেবে বিবেচনা করতে হবে।

- অনুষ্ঠান স্থলে একটা পৃথক শান্ত স্থান থাকা নিশ্চিত করুন যাতে কোনও শিশু, তরুণতরুণী বা সহচরের কোনও শান্ত জায়গার প্রয়োজন হলে সেখানে যেতে পারেন। নতুন কোনও জায়গায় যাওয়া মানসিক চাপ তৈরি করতে পারে।
- অনুষ্ঠানের শেষে, সকল শিশু এবং তরুণতরুণীরা চলে না যাওয়া পর্যন্ত একজন কর্মীর অনুষ্ঠান স্থলে উপস্থিত থাকা উচিত, কারণ যাওয়ার সময় কারো কোনও সমস্যা হতে পারে।

### আবাসিক অনুষ্ঠানের জন্য বিবেচ্য বিষয়সমূহ

- আবাসিক অনুষ্ঠানের জন্য প্রতিদিন সকালে কর্মীদের সেই দিনের জন্য একটি লিখিত সময়সূচী তৈরি করা উচিত। প্রতিটি দিন/অনুষ্ঠানের শুরুতে শিশু/তরুণতরুণীদের এবং তাদের সহচরদের সাথে

উপর অতিরিক্ত চাপ না পড়ে এবং তারা মানসিক চাপের মধ্যে না থাকে তা নিশ্চিত করতে হবে। এটা অনুষ্ঠানে অংশগ্রহণকে প্রভাবিত করতে পারে। তাদের জন্য বিশ্রাম এবং অবসর যাপনের সময় নির্দিষ্ট করুন।

- আগে থেকে ঘর ভাগাভাগি করার পরিকল্পনা তৈরি রাখুন এবং শিশু কর্তৃক শিশুর নির্যাতন, বুলিং ইত্যাদি সম্ভাব্য যেকোনো ঝুঁকি প্রশমনের জন্য পরিকল্পনাটির ঝুঁকি পুঙ্খানুপুঙ্খভাবে মূল্যায়ন করুন। সবসময় তরুণতরুণীদের জিজ্ঞাসা করে নিন যে তারা সেই পরিকল্পনা অনুযায়ী ঘর ভাগাভাগি করতে নিরাপদ এবং স্বচ্ছন্দ বোধ করছে কিনা। শিশু এবং তরুণতরুণীদের তাদের সহচরের রুম নাম্বার অবশ্যই জানাতে হবে কারণ তাদের রাতে সহায়তার প্রয়োজন হতে পারে।
- প্রতিদিনের শেষে শিশু এবং তরুণতরুণীদের সাথে সেদিনের অনুষ্ঠান নিয়ে সংক্ষেপে আলোচনা করতে

হবে যা তাদের সেদিনের কার্যকলাপ আত্মস্থ করতে এবং শিক্ষণকে আরও মজবুত করতে সাহায্য করবে। এই সময় তারা কেমন আছে সেই খোঁজখবরও নেওয়া যেতে পারে যাতে তাদের সুস্থতা (শারীরিক, মানসিক এবং আত্মিকভাবে) নিশ্চিত করা যায়।

- তাদের যে তরুণতরুণীদের সাথে সাক্ষাত হয়েছে, তাদের সাথে আলোচনা চালিয়ে যাওয়ার জন্য কীভাবে সহায়তা করা যায় সেই উপায়গুলো চিহ্নিত করুন।

## অনুষ্ঠানের পরে

- শিশু এবং তরুণতরুণীরা বাড়িতে ফিরে যাওয়ার পরে অনুষ্ঠানে যোগদান এবং ভ্রমণের কারণে কোনও সমস্যা দেখা দিলে, সেগুলোর সাথে মোকাবেলা করতে তাদের সহায়তা করুন।
- অনুষ্ঠানের পরে শিশু এবং তরুণতরুণীদের সাথে পর্যালোচনা এবং মূল্যায়ন পরিচালনা করুন।
- শিশু এবং তরুণতরুণীদের তাদের অংশগ্রহণের প্রভাব সম্পর্কে যেকোনো তথ্য পেতে সহায়তা করা উচিত।
- অনুষ্ঠানে অংশগ্রহণকারী শিশু ও তরুণতরুণীদের অন্যান্য কার্যকলাপে অংশগ্রহণ করা চালিয়ে যেতে সহায়তা করুন। এর মধ্যে তারা যে পদক্ষেপগুলো নিয়েছে এবং অন্যরা যে সব প্রতিশ্রুতি দিয়েছে সেই সম্পর্কে তাদের সতীর্থদের অবহিত করাও অন্তর্ভুক্ত করা উচিত।

**আরএসএইচ এর পরামর্শ**

অনুষ্ঠানের পরে সর্বদা শিশু এবং তরুণতরুণীদের প্রশ্ন করুন যে তারা কতটা নিরাপদ বোধ করেছেন এবং তাদের এমন কোনো উদ্বেগ আছে কিনা যা তারা তখনো রিপোর্ট করেনি। এটা নিরাপত্তা সম্পর্কিত বাকি উদ্বেগগুলোতে সাড়া দিতে সাহায্য করবে। সেই সাথে এটা প্রতিষ্ঠানকে অনুষ্ঠান থেকে শিক্ষাগ্রহণ করতেও সাহায্য করবে।

প্ল্যান ইন্টারন্যাশনালের রচিত ও মালিকানাধীন "মেকিং শিওর ইভেন্টস ইনভলভিং চিলড্রেন অ্যান্ড ইয়াং পিপল আর সেফ" নামক নথির এই সারসংক্ষেপটি সেফগার্ডিং রিসোর্স অ্যান্ড সাপোর্ট হাব প্রস্তুত এবং প্রকাশ করেছে। প্ল্যান ইন্টারন্যাশনাল এই সারসংক্ষেপটি তৈরির সাথে জড়িত ছিল না এবং তারা এই সারসংক্ষেপে কোনো ত্রুটি বা কিছু বাদ পড়ার দায়িত্ব বা দায় স্বীকার করে না। সম্পূর্ণ নির্দেশিকার জন্য **"মেকিং শিওর ইভেন্টস ইনভলভিং চিলড্রেন অ্যান্ড ইয়াং পিপল আর সেফ"** নথিটি দেখুন।